৪।

দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ...09 AUG 1989... ...
পৃষ্ঠা... ... ...কলাম 2 ... ...

126

প্রেস ব্রিফিং-এ শিক্ষামন্ত্রী

# শিক্ষার উন্নয়নে ৭টি বিশেষ ক্ষেত্র চিহ্নিত করা হয়েছে

॥ স্টাফ রিপোর্টার ॥

শিক্ষা সংক্রান্ত সার্ক কারিগরি কমিটি সার্কভুক্ত দেশসমূহে শিক্ষার উন্নয়নে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির ব্যাপারে একমতে পৌছেছে এবং অগ্রাধিকারভিত্তিতে শিক্ষার উন্নয়নে কতিপয় ক্ষেত্র চিহ্নিত করেছে।

শিক্ষা সংক্রান্ত সার্ক কারিগরি কমিটির ৩ দিনব্যাপী বৈঠকের পর গতকাল আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের (আই সি সি) ড্রাফটিং কক্ষে প্রেস ব্রিফিংকালে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম একথা বলেন।

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## শিক্ষা মন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষামন্ত্রীর প্রেস ব্রিফিংকালে শিক্ষা সংক্রান্ত সার্ক কারিগরি কমিটির মহাসচিব জনাব আবুল আহসান, কমিটির চেয়ারম্যান শিক্ষা সচিব জনাব হেদায়েত আহমদ, ভারতীয় প্রতিনিধি মিঃ অনিল বর্দিয়া, পাকিস্তানের প্রতিনিধ ডঃ এস, এন, কোরেশী ও শ্রীলংকার ডি, এ, পিরারা শিক্ষামন্ত্রীকে সহযোগিতা করেন।

প্রেস ব্রিফিং-এ শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার উন্নয়নে অগ্রাধিকারভিত্তিতে ৭টি বিশেষ ক্ষেত্র চিহ্নিত করা হয়েছে। ক্ষেত্রগুলো হচ্ছে সার্বজনীন প্রাথমিক শিক্ষা, নারী ও শিক্ষা, স্বাক্ষরতা-স্বাক্ষরতা-উত্তর শিক্ষা এবং অব্যাহত শিক্ষা বিজ্ঞান ও কারিগরি শিক্ষা, শিক্ষা পদ্ধতির আধুনিকায়ন, শিক্ষা সংক্রান্ত গবেষণা ও প্রশিক্ষণ এবং অনগ্রসর এলাকায় শিক্ষা।

শেখ শহীদ বলেন, এসব বিষয়ে শিক্ষা কারিগরি কমিটির এই সভায় বিস্তারিত আলোচনা হয়েছে এবং এসব বিষয় অনুশীলনের জন্য একটি বিশেষজ্ঞ দল গঠনের ব্যাপারে ৭টি দেশের প্রতিনিধিরা একমত হয়েছেন। কয়েকটি সদস্য রাষ্ট্র এই বিশেষজ্ঞ কমিটির বৈঠক তাদের দেশে অনুষ্ঠানের ব্যাপারে আগ্রহ প্রকাশ করেছেন। বাংলাদেশ শিক্ষা পদ্ধতির আধুনিকায়নে উদ্যোগ গ্রহণ করবে এবং শিক্ষা সংক্রান্ত সার্ক কারিগরি কমিটির পরবর্তী বৈঠক আগামী বছরের কোন এক সময়ে ঢাকায় অনুষ্ঠিত হবে বলে শিক্ষামন্ত্রী জানান।